ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৯৯

আগরতলা,২৮ ফেব্রুয়ারি,২০২৫

## সচিবালয়ে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির ১৮তম সাধারণ সভা

## এইডস প্রতিরোধে সমাজের সকল অংশের মানুষকে এগিয়ে আসতে হবে : মুখ্যমন্ত্রী







এইডস প্রতিরোধে সমাজের সকল অংশের মানুষকে এগিয়ে আসতে হবে। এই কাজে জনপ্রতিনিধিদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। জনপ্রতিনিধিদের নিয়ে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটিকে এইডস প্রতিরোধে সচেতনতামূলক প্রচার অভিযানের উদ্যোগ নিতে হবে। আজ সচিবালয়ে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির ১৮তম সাধারণ সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সভায় মুখ্যমন্ত্রী বলেন, এইডস হচ্ছে একটি মারণব্যাধি। এই ব্যাধি প্রতিরোধে সকল স্তরের নাগরিকদের সচেতন হতে হবে। রাজ্যের বিভিন্ন সামাজিক সংস্থাগুলিকে এইডস প্রতিরোধের কাজে যুক্ত করতে হবে। সভায় মুখ্যমন্ত্রী এইডস / এইচআইভি সনাক্তকরণের জন্য স্বাস্থ্য দপ্তরকে তিন মাসের কর্মসূচি নিয়ে একটি বিশেষ অভিযান গ্রহণের জন্য পরামর্শ দেন।

সভায় মুখ্যমন্ত্রী ভার্চুয়ালি ৩টি লিংক এআরটি সেন্টারের উদ্বোধন করেন। এই সেন্টারগুলি রয়েছে গোমতী জেলার অমরপুর মহকুমা হাসপাতালে, ধলাই জেলার গন্ডাতুইসা মহকুমা হাসপাতালে ও দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়া মহকুমা হাসপাতালে। এই সেন্টারগুলি থেকে এইডস / এইচআইভি আক্রান্ত ব্যক্তিরা গুরুত্বপূর্ণ ওষুধগুলি গ্রহণ করতে পারবেন। সভার পর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সচিবালয়ে পতাকা নেড়ে একটি মোবাইল আইসিটিসি ভ্যানের সূচনা করেন। সভায় মুখ্যমন্ত্রী এইডস প্রতিরোধে প্রচার অভিযানের অঙ্গ হিসেবে পত্রিকায় বিজ্ঞাপন, টক শো, প্রেস মিট, বিভিন্ন ক্যাবেল চ্যানেলে বিজ্ঞাপন, স্কুল কলেজে লিফলেট বিতরণের উপর গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও মুখ্যমন্ত্রী বিশেষ করে বহির্রাজ্য থেকে আসা ট্রাক ড্রাইভারদের পর্যবেক্ষণ করা এবং তাদের রক্ত পরীক্ষা করে নিশ্চিত হওয়ার জন্য সোসাইটিকে পরামর্শ দেন। সভায় মুখ্যমন্ত্রী এইডস আক্রান্ত রোগীদের সময়ে সময়ে পর্যবেক্ষণের জন্য ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটিতে একটি কল সেন্টার স্থাপন করার উপর গুরুত্ব আরোপ করেছেন।

২-এর পাতায়

সভায় জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা রাজ্যের বিভিন্ন জেলায় ছাত্রাবাসগুলিতে শিবির করে রক্ত পরীক্ষা করার পরামর্শ দেন। সভায় স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির উল্লেখযোগ্য কর্মসূচিগুলি নিয়ে আলোচনা করেন। ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডা. সমর্পিতা দত্ত এইডস / এইচআইভি সনাক্তকরণ ও প্রতিরোধে সোসাইটির উদ্যোগগুলি তুলে ধরেন। সভায় উপস্থিত ছিলেন রাজ্যের ৮টি জিলা পরিষদের সভাধিপতিগণ, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য কমল কলই, ত্রিপুরা মহিলা কমিশনের প্রতিনিধি এবং শিক্ষা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিকগণ।

*****